

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১৩৬/২০২০-৫৩৯

তারিখঃ ২২ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

ইমেইলে রেজিস্ট্রেশন নবায়নের আবেদন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের রেজিস্টার্ড নার্স ও মিডওয়াইফদের রেজিস্ট্রেশন কার্ড নবায়নের কাজ দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য ই-মেইলের মাধ্যমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। ই-মেইলের মাধ্যমে আবেদনপত্র কাউন্সিলে জমা হওয়ার একদিন পর কাউন্সিল অফিস হতে নবায়নকৃত ডিজিটাল রেজিস্ট্রেশন কার্ড প্রার্থীর স্বাক্ষর মিলিয়ে সরবরাহ করা হবে। এ ক্ষেত্রে নবায়নের মূল ফি এর সাথে জরুরী ফি অবশ্যই জমা দিতে হবে।

আবেদন জমা/গ্রহণ ও সরবরাহের শর্তাবলী/নিয়মাবলীঃ

১. কেবলমাত্র মেয়াদ উত্তীর্ণ রেজিস্ট্রেশন কার্ড নবায়নের জন্য আবেদন infobnmc15@gmail.com ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে;
২. ওয়েব সাইট থেকে সংগৃহীত নবায়ন ফরমের ২ (দুই) পাতা (এপিঠ/ওপিঠ) সঠিকভাবে পূরণ করে স্ক্যান কপি অবশ্যই (স্পষ্ট) JPEG Formate এ নিশ্চিত হয়ে পাঠাতে হবে, অসম্পূর্ণ আবেদন পাঠালে নবায়ন স্থগিত থাকবে।
৩. আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড, কাউন্সিলের ওয়েব সাইট থেকে সংগৃহীত প্রাইম ব্যাংক ফি জমাকৃত স্লিপ অথবা ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের স্ক্যান কপি পাঠাতে হবে।
৪. কাউন্সিল থেকে নবায়নকৃত ডিজিটাল রেজিস্ট্রেশন কার্ড গ্রহণকালে প্রার্থী কর্তৃক পূরণকৃত নবায়নের আবেদন ফরমের মূলকপি, মেয়াদ উত্তীর্ণ রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি, ফি জমার স্লিপ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কাউন্সিলে অবশ্যই জমা দিতে হবে।
৫. প্রার্থী কর্তৃক নিজে উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণে অসামর্থ্য হলে নিকট আত্মীয়/ দাপ্তরিক সম্পর্কিত বিশ্বস্ত ব্যক্তিকে তা গ্রহণের লক্ষ্যে কেবলমাত্র চলমান জরুরী পরিস্থিতিতে দায়িত্ব অর্পন পত্র (Authorization Letter) করা যেতে পারে। এ ক্ষেত্রে উভয়ের জাতীয় পরিচয়পত্র ও কর্মস্থলের পরিচয়পত্র দাখিল করতে হবে। কাউন্সিলে প্রার্থীর ইতোপূর্বে দাখিলকৃত মোবাইল নম্বরে ভেরিফিকেশন করা হবে। তবে, এ সংক্রান্ত দায়-দায়িত্ব প্রার্থীকে বহন করতে হবে।
৬. রেজিস্ট্রেশন কার্ডের ছবি নষ্ট হলেঃ সংশ্লিষ্ট নার্সিং শিক্ষা প্রতিষ্ঠান/বর্তমানে কর্মরত প্রতিষ্ঠান/হাসপাতাল/সংস্থার ফরওয়ার্ডিং যুক্ত সুপারিশসহ আবেদন (সীলমোহরসহ) এবং ইউনিফর্ম পরিহিত ছবির পিছনে সত্যায়িত করে ই-মেইলে পাঠাতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।



(সুরাইয়া বেগম)

রেজিস্ট্রার

ফোন-৯৫৬৪১৫৯/০১৫১১৬৬৫৪১৪

ই-মেইল: infobnmc15@gmail.com

অনুলপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২. উপসচিব (নার্সিং সেবা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. পরিচালক/ সিনিয়র সার্জন/ তত্ত্বাবধায়ক (সকল)
৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ নার্সিং সুপারিনটেনডেন্ট/ নার্সিং সুপার ভাইজার (সকল)
৬. অধ্যক্ষ/ইনচার্জ, নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ইনস্টিটিউট (সকল)
৭. হিসাব শাখা, বিএনএমসি।
৮. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ)।
৯. নোটিশ বোর্ড, বিএনএমসি/ডিজিএনএম।
১০. জনাব/ বেগম